

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতর সালাত ফর্য নয় মর্মে অষ্টম হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَامِنِ يَدُلُّ عَلَى أَنَّ الْوِتْرَ غير فرض

আরবী

2408 ـ أَخْبَرَنَا عُمَرُ بُنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا محمد بن بشار قال: حدثنا ابن عَدِيِّ عَنْ شُعْبَةَ عَنْ عَبْدِ رَبِّهِ بْنِ سَعِيدِ عَنْ مُحَمَّد بْنِ يَحْيَى بْنِ حبان عَنِ ابْنِ مُحَيْرِيزِ عَنِ الْمُخْدَجِيِّ قَالَ: سَأَلَ رَجُلٌ أَبَا مُحَمَّدٍ ـ رَجُلًا مِنَ الْأَنْصَارِ ـ عَنِ الْوِتْرِ فَقَالَ: الْوِتْرُ وَقَالَ: الْوِتْرُ وَقَالَ: الْوِتْرُ وَلَكَ لَهُ فَقَالَ: كَذَبَ أَبُو مُحَمَّدٍ وَاجِبٌ كَوُجُوبِ الصَّلَاةِ فَأَتَى عُبَادَةُ بْنُ الصَّامِتِ فَذُكِرَ ذَلِكَ لَهُ فَقَالَ: كَذَبَ أَبُو مُحَمَّدٍ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (خَمْسُ صَلَوَاتِ افْتَرَضَهُنَّ اللَّهُ عَلَى عَبَادِهِ مَنْ لَمْ يَنْتَقِص مِنْهُنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (خَمْسُ صَلَوَاتِ افْتَرَضَهُنَّ اللَّهُ عَلَى عَبَادِهِ مَنْ لَمْ يَنْتَقِص مِنْهُنَّ شَيْئًا اسْتِخْفَافًا بحقِّهِنَّ ـ فَإِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا جَاعِلٌ لَهُ يَوْمَ الْقِيامَةِ عَهْدًا أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ وَمَنْ جَاءَ بِهِنَّ وَقَد انْتَقَصَ مَنهنَّ شَيْئًا اسْتِخْفَافًا بحقِّهنَّ ـ لَمُعْ الْمُعْدَة عَهْدًا أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ وَمَنْ جَاءَ بِهِنَّ وَقَد انْتَقَصَ مَنهنَّ شَيْئًا اسْتِخْفَافًا بحقِّهنَّ ـ لَمْ يَكُنْ لَهُ عِنْدَ اللَّهِ شَيْءٌ إِنْ شَاءَ عَنَبَهُ وَإِنْ شَاءَ عَفر له) للراوي: الْمُخْدَجِيّ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2408 ا خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((المشكاة))

(570)، ((التعليق الرغيب)) (1/ 141 _ 142)، ((صحيح أبي داود)) (451).

বাংলা

২৪০৮. মুখদাজী থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি আবৃ মুহাম্মাদ –একজন আনসারী ব্যক্তি- কে বিতর সম্পর্কে জিজ্ঞেস করেন। তিনি জবাবে বলেন, "বিতর সালাত, সালাত ফর্য হওয়ার ন্যায় ফর্য। তারপর উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু আসলে তাঁকে বিষয়টি জানানো হলে তিনি বলেন, "আবৃ মুহাম্মাদ মিথ্যা বলেছে। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "নিশ্চয়ই মহান আল্লাহ তাঁর বান্দাদের উপর পাঁচ ওয়াক্ত সালাত ফর্য করেছেন, যে ব্যক্তি এসবের হক হালকা গণ্য করে এর কোন কিছুতে ক্রুটি না করে, তবে মহান আল্লাহ তার জন্য কিয়ামতের দিন অঙ্গিকার নির্ধারণ করবেন যে, তিনি তাকে জান্নাতে



প্রবেশ করাবেন। আর যে ব্যক্তি এসবের হক হালকা গণ্য করে এর কোন কিছুতে ত্রুটি করে, তবে মহান আল্লাহ তার জন্য কিয়ামতের দিন কোন অঙ্গিকার নির্ধারণ করবেন না; তিনি ইচ্ছা করলে, তাকে শাস্তি দিবেন, ইচ্ছা করলে তাকে ক্ষমা করে দিবেন।"[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৪০১; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২৩; নাসাঈ: ১/২৩০; আবূ দাউদ: ১৪২০; সুনান বাইহাকী: ২/৮; বাগাবী: ৯৭৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৫৭৫; মুসনাদ আহমাদ: ৫/৩১৫-৩১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৯৬; হুমাইদী: ৩৮৮; দারেমী: ১/৩৭০; সুনান বাইহাকী: ১/৩৬১; আত তায়ালিসী: ৫৭৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুখদাজী (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন